

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯১৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. তৃতীয় অনুচ্ছেদ - তাশাহুদ

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ كَانَ يَقُولُ: مِنَ السُّنَّةِ إِخْفَاءُ التَّشَهُّدِ. رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

বাংলা

৯১৮-[১৩] ইবনু মাস্'ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলতেন, সালাতে তাশাহুদ চুপে চুপে পড়াই সুন্নাত। আবূ দাউদ ও তিরমিযী; ইমাম তিরমিযী হাদীসটিকে হাসান গরীব বলেছেন।[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৯৮৬, তিরমিয়ী ২৯১। যদিও আবূ দাউদ-এর সানাদে মুহাম্মাদ ইবনু ইসহাক মুদাল্লিস রাবী রয়েছে কিন্তু হাকিম হাদীসটি অন্য একটি সহীহ সানাদে বর্ণনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এরূপ সমতুল্য। এটা জমহূর (সকল) মুহাদ্দিস ও ফুকাহার মতে, অবশ্য কেউ কেউ মাওকূফ মনে করে তথা সাহাবী পর্যন্ত সীমাবদ্ধ। হাদীসটি প্রমাণ করে, তাশাহুদ গোপনে পড়া সুন্নাত। ইমাম তিরমিয়ী বলেন, 'উলামাণণ এর উপর 'আমল করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন